

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.২৭.০০১.১৬. ন ০৩

তারিখ : ২২ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ।  
০৬ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

### প্রজ্ঞাপন


যেহেতু, নরসিংদী জেলার মনোহরদী উপজেলার গোতাশিয়া ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ রতন কবির ফরাজী সি.আর ৫৫১/১৪ মামলায় ০১ (এক) বছরের বিনাশ্রম কারাদন্ড ও অর্ধদন্ডে দন্ডিত হয়েছে এবং দীর্ঘদিন যাবৎ পরিষদে অনুপস্থিত (পলাতক) রয়েছে;

যেহেতু, জেলা প্রশাসক, নরসিংদী কর্তৃক উক্ত সদস্যকে তাঁর স্থায়ী পদ থেকে সাময়িক বরখাস্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, উল্লিখিত সাজাপ্রাপ্ত ইউপি সদস্য জনাব মোঃ রতন কবির ফরাজী একজন সাজাপ্রাপ্ত আসামী এবং দীর্ঘদিন যাবৎ পরিষদে অনুপস্থিত থাকায় তাঁর কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, নরসিংদী জেলার মনোহরদী উপজেলার গোতাশিয়া ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের সাজাপ্রাপ্ত ইউপি সদস্য জনাব মোঃ রতন কবির ফরাজী একজন সাজাপ্রাপ্ত আসামী হিসেবে দীর্ঘদিন যাবৎ পরিষদে অনুপস্থিত থাকায় এবং উক্ত ইউপি চেয়ারম্যান কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্য জনাব মোঃ রতন কবির ফরাজীকে তাঁর স্থায়ী পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.২৭.০০১.১৬. ন ০৩

তারিখ : ২২ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ।  
০৬ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, নরসিংদী।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ রতন কবির ফরাজী, সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ০৬নং ওয়ার্ড, গোতাশিয়া ইউনিয়ন পরিষদ, মনোহরদী, নরসিংদী।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব